

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৪৯.০৪৯.১১(অংশ-১)-১৩৩২

তারিখঃ ২২/১১/২০১৭


বিষয় : মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের অনুমতি।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এর স্মারক নং-৬১৮/১, তারিখ : ১৭/০৯/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে-

(ক) উপজেলা পরিষদের ওয়েটিং রুম নির্মাণ (সিভিল-স্যানিটারী-ইলেকট্রিকেশন) এবং পুরাতন শিল্পকলা একাডেমী ভবন মেরামত প্রকল্পটি রাজস্ব তহবিলের অর্থায়নে বিবেচনার সুযোগ নেই। তবে উপজেলা পরিষদ পাম্প হাউজ মেরামত ৪,৪৫,৯৫৯/- টাকা ও উপজেলা পরিষদ পুরাতন অফিস বিল্ডিং এর সামনে সি.সি রোড নির্মাণ কাজ ১০,৬৪,৮৫২/- টাকা প্রাক্কলিত ব্যয়ে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

(খ) উপজেলা পরিষদ পুরাতন অফিস বিল্ডিং এর তৃতীয় তলার দুই পাশের কক্ষ সম্প্রসারণ বিষয়ে এলজিইডি'র ডিজাইন বিভাগ হতে মতামত গ্রহণপূর্বক এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর পুরাতন অফিস বিল্ডিং মেরামত বিষয়টি বিবেচনার লক্ষ্যে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ৫(ক) অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী চলতি ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব তহবিলের অর্থায়নে ৭.০০ লক্ষ (সাত লক্ষ) টাকা পর্যন্ত ব্যয় করা হয়েছে কি-না তার তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

শিবচর, মাদারীপুর।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
২. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।